

লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৫৮. গরীব হওয়াতে দুঃখ করবেন না

দেহ যতই ভোগ করে আত্মা ততই কলঙ্কিত হয় এবং অল্প থাকার মধ্যে নিরাপত্তা আছে। এ পৃথিবীতে প্রয়োজন মাফিক গ্রহণ করা (বা ভারসাম্যপূর্ণ জীবন যাপন করা) এমন এক আসন্ন শান্তি যা সর্বশক্তিমান, পরম করুণাময় আল্লাহ তার বান্দাদের মধ্য থেকে যাকে ইচ্ছা দান করেন।

“নিশ্চয় পৃথিবী এবং এতে যা কিছু আছে সব কিছুর মালিকানা আমারই।” (১৯-সূরা মারইয়াম: আয়াত-৪০)

একজন কবি বলেছেন-

ماء وخبز وظل * ذاك النعيم الأجل

كفرت نعمة ربي * إن قلت إني مقل

“পানি, রুটি ও ছায়া এগুলো হলো মহা নেয়ামত। যদি আমি বলি যে, আমি অভাবী’, তবে আমি তো আমার প্রভুর নেয়ামতকে অস্বীকার করি।”

এ দুনিয়াতে যা কিছু গুরুত্বপূর্ণ তা হলো শুধু ঠাণ্ডা পানি, গরম রুটি বা টাটকা খাবার এবং পর্যাপ্ত ছায়া।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=7567>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন